

5

# কতগুলো?



## দাদুর সাথে বেড়াতে যাওয়া







বাচ্চাদের ছবি দেখে বলতে বলুন, তারা উদ্যানে বা পার্কে গিয়ে কী করে। তারা আলোচনা করতে পারে কজন পার্কে আছে এবং কজন আরো এসেছে তাদের সাথে যোগ দিতে। দাদু-দিদা এবং দাদু-ঠাকুমাদের সাথে সময় কাটানো কতটা জরুরি সেই বিষয়ে বাচ্চাদের আলোচনা করতে দিন। ওদের বড়দের সম্মান করতে শেখান।




## বলো সব মিলিয়ে কতগুলো? শূন্যস্থান পূরণ করো।




**4** টে বাচ্চা এবং **2** টো বাচ্চা মিলে হয় ___ টা বাচ্চা।

$4 + 2 = \square$



**3** টে লাট্টু এবং **1** টা লাট্টু মিলে হয় ___ টে লাট্টু।

$3 + 1 = \square$



**3** টে পিঁপড়ে এবং **2** টো পিঁপড়ে মিলে হয় ___ টা পিঁপড়ে।

$3 + 2 = \square$



**4** টে পেন্সিল এবং **3** টে পেন্সিল মিলে হয় ___ টা পেন্সিল।


$4 + 3 = \square$

বাচ্চাদের সুযোগ দিন জিনিস দিয়ে যোগ করার অভ্যাস করতে। তাদের দুটো গ্রুপের জিনিস মিলিয়ে (মোট পরিমাণ) যোগ করতে শেখান। একটা গ্রুপে আরো জিনিস যোগ (বৃদ্ধি হওয়া) করে গুনতে শেখান। বাচ্চাদের যোগ করার দুটো অভ্যাসই শেখান।




© NCERT not to be republished

## যোগ করো এবং আঁকো



6 টা বল এবং 2 টো বল মিলে হয় _____ টা বল।

$6 + 2 = \square$



$9 + 1 = \square$



### Let us Count

ক) তোমার বাবা-মাদের সবাইকে মিলিয়ে মোট কজন ভাই-বোন?

খ) তোমার বন্ধুর এবং তোমার মিলিয়ে মোট কজন পারিবারিক সদস্য?

গ) হাত পা মিলিয়ে তোমার কটা আঙুল?


ঘ) তোমার হাতের আঙুল দিয়ে কটা নম্বর গুনতে পারবে?

বাচ্চাদের অনুপ্রাণিত করুন বুঝতে এবং উচ্চস্বরে যোগ বাক্য বলতে। উদাহরণস্বরূপ, 4টি শিশু এবং 2টি শিশু মিলিয়ে 6টি শিশু যোগফল হয় এবং ‘মিলিয়ে’ শব্দটিকে যোগ (+) চিহ্নের সাথে এবং ‘সম্পূর্ণ’ (=) এর চিহ্নের সাথে সংযুক্ত করুন। প্রতীকী উপস্থাপনা বা সংখ্যার সংযোজনের দিকে অগ্রসর হওয়ার আগে শিশুদের ‘মোট’, ‘সমষ্টি’, ‘সম্পূর্ণ’ ইত্যাদি শব্দভাণ্ডার সেখান এবং জিনিস নিয়ে যোগ করার সুযোগ দিন।




© NCERT not to be republished


## গোনো আর লেখো তোমার মোট কটা আঙুল।




4 + 3 = ____




3 + 2 = ____



5 + 3 = ____



4 + 0 = ____




4 + 4 = ____



## চলো আমরা খেলি - ছক্কা দিয়ে যোগফল করা।

পালা করে এক সাথে দুটো ছক্কা চালো এবং গোনো কটা বিন্দু আছে দুটো ছক্কা মিলিয়ে। এবার তোমার বন্ধুকে বলো দুটো ছক্কা চালতে আর ওকে দেখতে বলো কটা বিন্দু হয়েছে। দেখ কে বেশি নম্বর পেয়েছে।



© NCERT not to be republished




## চলো আমরা করি

কিশোর এবং নিত্যা উভয়ই এই খেলা খেলেছে আর এখানে ওদের ছক্কায় কটা বিন্দু সংখ্যা আছে। দেখো কবার কিশোর জিতেছে আর কবার নিত্যা জিতেছে। স্কোর-বোর্ডে (✓) দেখ কে বেশি নম্বর পেয়েছে।



| | কিশোর | নিত্যা |
|---|---|---|
| ক) | | |
| খ) | | |
| গ) | | |
| ঘ) | | |
| ঙ) | | |







© NCERT not to be republished


## পুঁতি আর সুতো

মালাতে যে পুঁতিগুলো আছে, সেগুলো নম্বর অনুসারে রং করো এবং মোট রং করা পুঁথির সংখ্যা খুঁজে বের কর।


ক) 3 + 4 = ____




খ) 4 + 2 = ____




গ) 5 + 4 = ____



ঘ) 2 + 7 = ____



ঙ) 7 + 3 = ____



বাচ্চাদের পুঁতির মালা নিয়ে খেলতে দিন। বিশেষ করে যোগ করতে, বিভিন্ন ভাবে যোগ করতে, শেখান।




© NCERT not to be republished

## লাফাতে লাফাতে যোগফল খোঁজো


4 + 2 =





3 + 2 =




5 + 3 =




6 + 3 =




© NCERT not to be republished

## নিজের মতো করে যোগফল করো।

আব্দুল ও রিহানা দুটি ভিন্ন উপায়ে সংখ্যা যোগ করছে।
তাদের যোগফল খুঁজে পেতে সাহায্য কর।



$$\begin{array}{r} 2 \\ +\ 3 \\ \hline \square \end{array}$$

$2 + 3 = \square$

$$\begin{array}{r} 5 \\ +\ 1 \\ \hline \square \end{array}$$

$5 + 1 = \square$

$$\begin{array}{r} 3 \\ +\ 3 \\ \hline \square \end{array}$$

$3 + 3 = \square$


$$\begin{array}{r} 9 \\ +\ 1 \\ \hline \square \end{array}$$


$9 + 1 = \square$


© NCERT not to be republished


## চলো আমরা করি

ক) সংখ্যা জোড়া পূরণ কর




*কোনার্কের সূর্যরথের চাকা*

খ) যোগ করো এবং নিম্নলিখিত বস্তুগুলো মেলাও

| | | |
|---|---|---|
| 1 + 4 | 5 | 4 + 2 |
| 6 + 3 | 6 | 3 + 4 |
| 5 + 2 | 7 | 3 + 2 |
| 0 + 6 | 9 | 5 + 4 |

## প্রকল্পের কাজ

0 থেকে 8, দশটা কার্ড বেছে নাও।
কার্ডগুলো এমন ভাবে সাজাও যাতে যোগফল 8 হয়।
কত ভাবে এটা যোগ করা যায়?

☐ + ☐ = 9

☐ + ☐ + ☐ = 9

☐ + ☐ = 9

© NCERT not to be republished

## যোগের গল্প

ক) রাঘবের  কাছে 4টে ঝিনুক আছে  এবং সারিতার  কাছে 5টা ঝিনুক আছে। দুজনের ঝিনুক মিলিয়ে মোট কটা ঝিনুকআছে? ☐

খ) রঞ্জিতের কাছে 3টে গুলি আছে  এবং মিনাক্ষীর কাছে 6টা গুলি আছে । দুজনের গুলি মিলিয়ে মোট কটা গুলি আছে? ☐

গ) একটা ঝোলাতে 3টে নারকেল  আছে এবং আর একটা ঝোলাতে 4টে নারকেল  আছে। দুটো ঝোলার নারকেল মিলিয়ে মোট কটা নারকেল আছে? ☐

## দেখি আমাদের ঝোলার ভিতর কী আছে।

তোমার বন্ধুর সাথে দেখো এবং প্রশ্নের উত্তর দাও।


ক) আমার ঝোলায় ___ বই আছে  এবং আমার বন্ধুর ঝোলায় ___ বই আছে, দুজনের ঝোলার বই নিয়ে আমাদের কাছে মোট ___ বই আছে।

খ) আমার কাছে __ পেন্সিল আছে এবং আমার বন্ধুর কাছে __ পেন্সিল আছে, দুজনের সব পেন্সিল নিয়ে আমাদের কাছে মোট __পেন্সিল আছে।

গ) আমার কাছে __ খাতা আছে এবং আমার বন্ধুর কাছে __ খাতা আছে, দুজনের খাতা নিয়ে আমাদের কাছে মোট __ খাতা আছে।



## ভেবে করো




1, 2, আর 3 এই ছকে যেমন ভাবে দেখানো হয়েছে লেখো। এমন ভাবে সংখ্যা গুলো লেখো যাতে লাইন অনুসরণ করে লিখলে সব দিক থেকেই যোগ করে 6 হয়।

এই কার্যকলাপটা জুটি তৈরি করে করা যেতে পারে। বাচ্চাদের নিজেদের সমস্যা বলতে অথবা প্রশ্ন করতে উৎসাহ দিতে পারেন। সাথে সাথে বাচ্চাদের সঙ্গে পৃথিবীর সব থেকে পুরনো সূর্য মন্দির - উড়িষ্যার প্রাচীন কোনারক মন্দিরের বিষয়ে আলোচনা করুন। এই বইয়ের পৃষ্ঠা 56-র ছবিটা দেখান।



© NCERT not to be republished

## পাঁচটা ছোট বাচ্চা

পাঁচজন তোমরা হাত তুলে দাঁড়াও।
একজন করে হালুম এইবার সরে দাঁড়াও।
রইলে পড়ে কজন?
এবার গুনে বলো।
চার! এখন আমরা চার।








চারজন তোমরা হাত তুলে দাঁড়াও।
একজন গাছের কাছে
এইবার সরে দাঁড়াও।
রইলে পড়ে কজন?
এবার গুনে বলো।
তিন! এখন আমরা তিন।




তিনজন তোমরা হাত তুলে দাঁড়াও।
একজন চকচকে জুতো পরে
এইবার সরে দাঁড়াও।
রইলে পড়ে কজন? এবার গুনে বলো।
দুই! এখন আমরা দুই।



© NCERT not to be republished

দুজন তোমরা হাত তুলে দাঁড়াও।
এইবারে তোমার পালা
একজন সরে দাঁড়াও।
রইলে পড়ে কজন?
এবার গুনে বলো।
এক! এখন আমি
একাই এক।







একজন তুমি
হাত তুলে দাঁড়াও।
হাসতে হাসতে তুমি
এইবার সরে দাঁড়াও।
রইলে পড়ে কজন?
এবার গুনে বলো।
নেই! আর কেউ নেই।



## চলো আমরা কথা বলি

ক) প্রথমে বাসে কটা বাচ্চা ছিল?

খ) প্রথম স্টপে কটা বাচ্চা নেমে ছিল?

গ) প্রথম স্টপের পর কটা বাচ্চা বাসে ছিল?

ঘ) দ্বিতীয় স্টপের পর, কটা বাচ্চা ছিল? এই ভাবে তিন, চার, আর পাঁচ স্ট্যান্ড অবধি লেখো।

ঙ) শেষ অবধি বাসে কটা বাচ্চা রইলো?



## প্রকল্পের কাজ

তোমার বাড়িতে কজন সদস্য? কতো জন স্কুলে যায়, কজন কর্মক্ষেত্রে যায়, এবং কজন বাড়িতে থাকেন, গুনে দেখো।

© NCERT not to be republished




## চলো আমরা করি

### কটা জিনিস রয়েছে?

ক) শূন্যস্থান পূরণ করো।

1.



6টা ব্যাঙ — 2টো লাফ দিয়ে বেরিয়ে গেল — ______ রইলো

6 – 2 = ______


খ.



9টা বেলুন — ______ উড়ে গেলো — রইলো হাতে 5টা

9 – 2 = ______

গ.



8টা কলা — 6টা নিয়ে গেলো — _____ রইলো

8 – 6 = ______


© NCERT not to be republished

খ) শূন্যস্থান পূরণ করো এবং যে জিনিসগুলো পড়ে থাকছে সেইগুলোর ছবি আঁকো

1.   


____ গামলা ____ গামলা ভেঙে গেলো ____ রইলো

3 – ______ = ______

খ.   

9টা লাড্ডু 4টে খেয়ে নিল ____ রইলো


9 – 4 = ______

গ.   

9টা বল ______ নিয়ে গেলো ______ রইলো

9 – ______ = ______

গ) নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও।


1) মনীষার  কাছে 8টা কলা  আছে। ও 3টে খেয়েছে। এখন ওর কাছে কটা কলা আছে? ☐

ii. ফুলের উপর 8 টি প্রজাপতি  আছে। 5টি প্রজাপতি উড়ে গেল। কত প্রজাপতি বাকি আছে? ☐




© NCERT not to be republished

## চলো আমরা করি

নিজের 10টা বিন্দু দেওয়া কার্ড তৈরি করো আর বন্ধুদের কাছ থেকে কয়েকটা লুকিয়ে রাখো। তাদের জিজ্ঞেস করো কটা বিন্দু লকানো আছে।



**কতগুলো বিন্দু লকানো আছে, এবং কতগুলো দেখা যাচ্ছে?**


| মোট 10টা বিন্দু আছে | লুকানো আছে কটা বিন্দু | দেখা যাচ্ছে কটা বিন্দু |
|---|---|---|
|  | 0 | 10 |
|  | | |
|  | | |
|  | | |

## প্রকল্পের কাজ


বাচ্চাদের 7টা বিন্দু দিয়ে একটা ফ্রেম তৈরি করতে বলুন। হাতে করে কটা বিন্দু লুকিয়ে ফেলুন আর এবার দেখুন কটা দেখা যাচ্ছে আর কটা লুকানো আছে। এই নম্বরে কি কোনো ছক আছে? এই ভাবে অন্য সংখ্যা দিয়ে পড়তে পারো। এইটা কি কোনো ভাবে বিন্দু না লুকিয়ে করা যাবে?

© NCERT not to be republished

## এই ফ্রেমে উল্টো দিকে যাও





ক) 3 থেকে 8 পা পিছিয়ে যাও।




9 – 3 = 6

খ) 9 থেকে 4 পা পিছিয়ে যাও।




7 – 4 = 

## নিজের মতো করে বিয়োগ করো।

A. 8 – 2 = 

D. 6 – 3 = 

B. 7 – 3 = 

E. 5 – 1 = 

C. 9 – 5 = 

F. 4 – 2 = 

© NCERT not to be republished